



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়

অসচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের জন্য আবাসন নির্মাণ প্রকল্প  
মাদবুব প্লাজা (৮ম তলা), ২১/এ তোপখানা রোড, ঢাকা-১০০০।



স্মারক নং- মুবিম/পিডি/অ.বী.মু.আ.নি.প্র/ম-০১/২য় তালিকা/১১২/২৫১

তারিখঃ ১৫/১১/২০২১ খ্রি:

**বিষয়: ২য় পর্যায়ে বীর নিবাস নির্মাণের জন্য অসচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের তালিকা প্রেরণ।**

সূত্র: মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের পরিকল্পনা শাখার স্মারক নং- ৪৮.০০.০০০০.০০৮.১৪.২৯৮(১).১৯-৪৪৯, তারিখ: ২৮/০৭/২০২১ খ্রি:

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, অসচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের জন্য আবাসন নির্মাণ প্রকল্পের মাধ্যমে সরকার সারাদেশে ৩০,০০০ (ত্রিশ হাজার) বীর নিবাস নির্মাণের কার্যক্রম গ্রহণ করেছেন। এটি মুজিব বর্ষ এবং স্বাধীনতার ৫০ বছর পূর্তি উপলক্ষে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপহার। প্রত্যেক উপজেলায় নিমিত্তব্য বীর নিবাস এর সংখ্যা ডিপিপি তে সুনির্দিষ্টভাবে নির্ধারণ করে দেওয়া আছে, যা নিয়ে প্রদত্ত ছক এর ১নং ক্রমিকে উল্লেখ করা হয়েছে। ইতিপূর্বে ১ম পর্যায়ে কমপক্ষে ১২টি করে বীর নিবাস নির্মাণের জন্য জমির দাগ, খতিয়ান, মৌজা ও জমির পরিমানসহ তালিকা প্রেরণের জন্য অনুরোধ করা হয়েছিল। ইতোমধ্যে ৪৪৯ টি উপজেলায় উপজেলা নির্বাহী অফিসার বরাবর টেন্ডার আহবানের জন্য পাওয়ার সাব-ডেলিগেট করা হয়েছে। ভ্রম্যে বৈশিষ্ট্য উপজেলায় টেন্ডার আহ্বান পূর্বক বীর নিবাস নির্মাণের কাজ শুরু হয়েছে এবং নির্ধারিত সময়ের মধ্যেই ১ম পর্যায়ের কাজ শেষ হবে।

**২য় পর্যায়ে বীর নিবাস নির্মাণের জন্য উপজেলা ভিত্তিক ছক মোতাবেক সর্বোচ্চ চাহিদা**

ক্রঃ নং	বিভাগঃ রংপুর, জেলাঃ পঞ্চগড়, উপজেলাঃ তেতুলিয়া	সংখ্যা
০১.	ডিপিপি অনুযায়ী উপজেলাভিত্তিক নির্ধারিত বীর নিবাস বরাদ্দ সংখ্যা	৬৫ টি
০২.	১ম পর্যায়ে টেন্ডারকৃত বীর নিবাস সংখ্যা	১২ টি
০৩.	২য় পর্যায়ে বীর নিবাস নির্মাণের জন্য উপজেলা ভিত্তিক অবশিষ্ট সর্বোচ্চ চাহিদা	৫৩ টি

এমতাবস্থায়, ২য় পর্যায়ের বীর নিবাস নির্মাণের জন্য সংযুক্ত ছক মোতাবেক নির্ধারিত কমিটির মাধ্যমে যাচাই বাছাই পূর্বক সমন্বিত তালিকায় অন্তর্ভুক্ত সর্বোচ্চ ৫৩ জন অসচ্ছল বীর মুক্তিযোদ্ধার তালিকা জেলা প্রশাসকের মাধ্যমে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হল (১৪ কলামের ছক সংযুক্ত)।

উল্লেখ্য যে, যথাসময়ে বীর নিবাস নির্মাণের কার্যক্রম গ্রহণের জন্য তালিকার অনুলিপি প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব) বরাবর [birnibash2021@gmail.com](mailto:birnibash2021@gmail.com) ই-মেইল যোগে প্রেরণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হল। ই-মেইল যোগে প্রাপ্ত তালিকা মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক যথাযথ অনুমোদন সাপেক্ষে বাস্তবায়ন করা হবে।

বিশেষভাবে উল্লেখ্য যে, কোন অবস্থাতেই উপজেলার কোটা পূরণ করতে যেয়ে কোন সচ্ছল বীর মুক্তিযোদ্ধার নাম অসচ্ছল বীর মুক্তিযোদ্ধার তালিকায় অন্তর্ভুক্ত করা যাবে না। এর ব্যত্যয় ঘটলে কমিটির সদস্যগণ ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।

যথাযথ কর্তৃপক্ষের আদেশক্রমে এ পত্র জারি করা হলো।

  
এম ইব্রাহিম সিদ্দিকী

প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)  
অসচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের জন্য আবাসন নির্মাণ প্রকল্প।  
[birnibash2021@gmail.com](mailto:birnibash2021@gmail.com)

উপজেলা নির্বাহী অফিসার  
তেতুলিয়া উপজেলা, জেলা: পঞ্চগড়।

স্মারক নং- মুবিম/পিডি/অ.বী.মু.আ.নি.প্র/ম-০১/২য় তালিকা/১১২/২৫১

তারিখঃ ১৫/১১/২০২১ খ্রি:

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে।

- ১) বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ।
- ২) অতিরিক্ত সচিব (উন্নয়ন), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।
- ৩) জেলা প্রশাসক, পঞ্চগড় জেলা।
- ৪) উপ-সচিব (পরিকল্পনা), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।
- ৫) মন্ত্রীর একান্ত সচিব (উপ-সচিব), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৬) সচিবের একান্ত সচিব (উপ-সচিব), (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭) সংসদ সদস্যদের ব্যক্তিগত সহকারীগণ (মাননীয় সংসদ সদস্য মহোদয়গণের সদয় অবগতির জন্য)।
- ৮) অফিস নথি।

এম ইব্রাহিম সিদ্দিকী  
প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)